গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অর্থনৈতিক সম্পর্ক বিভাগ

## প্রেস বিজ্ঞপ্তি

ঢাকা, মে ২০, ২০১৫

বাংলাদেশ সরকারের 'The Project for Improvement of Solid Waste Management Equipment'- শীর্ষক প্রকল্পে জাপান সরকার ১,৪৮৬ (এক হাজার চারশত ছিয়াশি) মিলিয়ন জাপানীজ ইয়েন (সমপরিমাণ আনুমানিক ৯৭ কোটি টাকা বা ১২.৪৬ মিলিয়ন মার্কিন ডলার, ১ টাকা= ১.৫৩৩ জাপানী ইয়েন ও ১ মার্কিন ডলার=৭৭.৮০ টাকা ধরে) অনুদান-সহায়তা প্রদান করবে। এ বিষয়ে আজ বাংলাদেশ সরকার ও জাপান সরকারের মধ্যে "বিনিময় নোট" এবং "অনুদান চুক্তি" স্বাক্ষরিত হয়। বাংলাদেশ সরকারের পক্ষে অর্থনৈতিক সম্পর্ক বিভাগের অতিরিক্ত সচিব জনাব মোহাম্মদ আবু তাহের উক্ত "বিনিময় নোট" এবং "অনুদান চুক্তি" স্বাক্ষর করেন। জাপান সরকারের পক্ষে বাংলাদেশে নিযুক্ত জাপানের মান্যবর এন্টিরিম চার্জ দ্যা এ্যাফেয়ার্স Mr. Takeshi Matsunaga "বিনিময় নোট" এবং ঢাকায় নিযুক্ত জাইকা'র প্রধান প্রতিনিধি Mr. Mikio Hataeda "অনুদান চুক্তি"তে স্বাক্ষর করেন।

এ প্রকল্পটি স্থানীয় সরকার বিভাগ কর্তৃক বাস্তবায়িত হবে। প্রাপ্ত এ অনুদান সহায়তার মাধ্যমে ঢাকা উত্তর ও দক্ষিণ সিটি কর্পোরেশন এবং চট্টগ্রাম সিটি কর্পোরেশনের বর্জ্য ব্যবস্থাপনা (Solid Waste Management) পরিবেশ সম্মতভাবে সম্পাদনের জন্য বর্জ্য সংগ্রহের অত্যাধুনিক বিবিধ যানবাহন/ইকুইপমেন্ট (১৫০টি কম্প্যাক্টর, কন্টেইনার ক্যারিয়ার ও ডাম্প ট্রাক) সংগ্রহসহ বিস্তারিত নকশা প্রণয়ন, কনসালটেন্ট সুপারভিশন ও টেকনিক্যাল গাইডেন্স প্রদান করা হবে।

জাপান বাংলাদেশের একক বৃহত্তম দ্বিপাক্ষিক উন্নয়ন সহযোগী দেশ। বাংলাদেশের সার্বিক অর্থনৈতিক উন্নয়নে জাপান গুরুত্বপূর্ণ অবদান রেখে আসছে। নমনীয় ঋণ ছাড়াও জাপান বিভিন্ন প্রকল্পে অনুদান ও কারিগরী সহায়তা প্রদান করছে, যার মধ্যে মানব সম্পদ উন্নয়ন এবং পরিবেশ সুরক্ষা হচ্ছে বিশেষভাবে উল্লেখযোগ্য। এ ছাড়াও ঋণ মওকুফ তহবিলের আওতায় জাপান বাংলাদেশকে বিভিন্ন প্রকল্পে সহায়তা প্রদান করে আসছে।

২০/০৫/২০১৫খ্রিঃ
মনোরঞ্জন বিশ্বাস
যুগ্ম সচিব